আইপিএলে সুযোগ পাননি, হতাশায় তরুণ ক্রিকেটারের আত্মহত্যা

আশা ছিল আইপিএলে ডাক পাবেন। অন্তত নেট বোলার হিসেবেও তাকে ডাকা হবে বলে ভেবেছিলেন। কিন্তু আইপিএলের দিন এগিয়ে এলেও কোনও দলে তার জায়গা হয়নি। ক্রমশ হতাশা গ্রাস করে তরুণ ক্রিকেটারকে। তারপরেই চূড়ান্ত পরিণতি। মুম্বাইয়ের অ্যাপার্টমেন্ট থেকে ঝুলন্ত দেহ উদ্ধার হয় তরুণ ক্রিকেটার করণ তিওয়ারির।

প্রাথমিকভাবে পুলিশ মনে করছে অবসাদগ্রস্ত হয়েই আত্মহত্যা করেছেন করণ। তবে এখন পর্যন্ত কোনও সুইসাইড নোট উদ্ধার হয়নি। ২৭ বছর বয়সী ডানহাতি পেসার করণ ঘনিষ্ঠমহলে ভীষণ জনপ্রিয় ছিলেন। মুম্বাই ইন্ডিয়ান্সের নেটে ধারাবাহিকভাবে বোলিং করতেন তিনি।

পুলিশ সূত্রে জানা গেছে, মুম্বাইয়ের মালাড অঞ্চলের কুরার এলাকায় মা ও ভাইয়ের সঙ্গে থাকতেন করণ। তবে কয়েকদিন আগেই রাজস্থানে এক বন্ধুকে ফোন করে আইপিএলে সুযোগ না পাওয়া নিয়ে নিজের হতাশার কথা জানিয়েছিলেন।

এরপরেই অবস্থা খারাপ দেখে রাজস্থানে করণের বোনকে গোটা ঘটনাটি জানায় সেই বন্ধু। সেখান থেকেই জানতে পারেন করণের মা। কিন্তু তখন সব শেষ।

গত সোমবার (১০ আগস্ট) রাত সাড়ে দশটায় নিজের ঘরে গিয়ে দরজা বন্ধ করে দেন করণ। এরপর তার ঝুলন্ত মৃতদেহ উদ্ধার হয়। জানা গেছে, বেশ কয়েক বছর ধরেই ভাল দলে সুযোগ খুঁজছিলেন করণ। কিন্তু মুম্বাইয়ের হয়ে পেশাদার ক্রিকেটে খেলার সুযোগ মেলেনি তার। ইতিমধ্যেই ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

সূত্র- বিডি-প্রতিদিন

ইরাকে তুর্কি প্রতিরক্ষামন্ত্রীর সফর বাতিল

ইরাকের পররাষ্ট্র মন্ত্রণালয়ের বরাতে বার্তা সংস্থা রয়টার্সের খবরে এমন তথ্য দেয়া হয়েছে।

এক বিবৃতিতে বলা হয়, ইরাকে হামলা ও সীমান্ত লঙ্ঘনের ঘটনার প্রতিবাদ জানাতে তুর্কি রাষ্ট্রদূতকে তলব করা হয়েছে।

তুরস্কের কাছে ও ইরানি সীমান্তে উত্তরপূর্বাঞ্চলীয় ইরাকের সিদাকান এলাকায় মঙ্গলবার ড্রোন হামলা চালায় তুরস্ক। ইরাক সেই হামলার তীব্র প্রতিবাদ জানিয়েছে।

এতে ইরাকি সীমান্ত বাহিনীর দুই সদস্য ও গাড়ির এক চালক নিহত হয়েছেন।

সূত্র-যুগান্তর

বিস্ফোরকের ব্যাপারে লেবাননকে আগেই সতর্ক করেছে মার্কিন ঠিকাদার

চার বছর আগেই লেবাননকে বিস্ফোরক মজুদের ভয়াবহতা সম্পর্কে সতর্ক করেছিল এক মার্কিন ঠিকাদার।

মঙ্গলবার এক মার্কিন কর্মকর্তা গণমাধ্যমকে এ কথা জানান। খবর আরব নিউজের।

যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা বিভাগে এ নিয়ে ৪ পৃষ্ঠার একটি গোপন প্রতিবেদনে এ তথ্য পাওয়া গেছে বলে নিউইয়র্ক টাইমসের এক প্রতিবেদনে বলা হয়েছে।

মার্কিন ওই ঠিকাদার ২০১৩ থেকে ২০১৬ সাল পর্যন্ত বৈরুতের বন্দরে লেবাননের নৌবাহিনীর জন্য স্থাপনা নির্মানের কাজ করেন।

তথনই তিনি ওই বিপুল পরিমাণ বিস্ফোরকের ব্যাপারে বন্দর কর্তৃপক্ষকে অভিহিত করেন বলে জানান। কিন্তু লেবানন কর্তৃপক্ষ এতে কর্ণপাত না করায় চরম মূল্য দিতে হয় তাদের।

গত মঙ্গলবার সন্ধ্যায় ভয়াবহ বিস্ফোরণে ২২০ জনেরও বেশি নিহত ও ছয় সহস্রাধিক মানুষ আহত হয়েছেন। এখন পর্যন্ত নিখোঁজ আছেন দেড় শতাধিক মানুষ। সূত্র-যুগান্তর

আকাশে উত্তেজনা, মার্কিন বোমারু বিমানকে ধাওয়া রুশ যুদ্ধবিমানের!

কৃষ্ণসাগরের উপর মাঝ আকাশে দুটি মার্কিন গোয়েন্দা বিমানকে ধাওয়া করেছে রাশিয়ান এয়ারফোর্স। ৯ আগস্ট মস্কোর আকাশসীমার দিকে ধেয়ে আসছিল দুটি মার্কিন গোয়েন্দা বিমান। আর সেটা রাডারে ধরা পড়তেই ধেয়ে যায় রাশিয়ান যুদ্ধবিমান। মার্কিন দুই বিমানের পথ কার্যত রুখে দেয় দুই রাশিয়ান ফাইটার জেট।

তবে এই ঘটনায় ব্যাপক উত্তেজনা তৈরি হয়েছে। এই ঘটনার জন্য মার্কিন এয়ারফোর্সের পক্ষ থেকে তীব্র প্রতিবাদ জানানো হয়েছে। যদিও রাশিয়ান এয়ারফোর্সের দাবি, মার্কিন গোয়েন্দা বিমানগুলোকে না আটকানো হলে রাশিয়ার আকাশসীমায় ঢুকে পড়ার সম্ভাবনা ছিল।

এই ঘটনার পর রুশ প্রতিরক্ষা মন্ত্রণালয় বলেছে, রাশিয়ার সামরিক বাহিনীর রাডারে আমেরিকার গোয়েন্দা বিমান দুটি ধরা পড়ার পর একটি এসইউ-২৭ যুদ্ধ বিমান মার্কিন বিমান দুটিকে তাড়া করে। রুশ প্রতিরক্ষা মন্ত্রণালয় এক বিবৃতিতে বলেছে, রাশিয়ার সীমান্ত লঙ্ঘনের কোনও ঘটনা মস্কো মেনে নেবে না কখনই।

গত কয়েক সপ্তাহ ধরে রাশিয়ার এয়ার স্পেস কন্ট্রোল সিস্টেম কৃষ্ণ

সাগরের আকাশে বহু সংখ্যক মার্কিন ও ন্যাটো বাহিনীর বিমানকে শনাক্ত করেছে। যারা রাশিয়ার সীমান্ত লঙ্ঘনের চেষ্টা করেছে বলে দাবি করেছে মস্কো। সর্বশেষ এমন ঘটনা ঘটেছিল ৩০ জুলাই। ওইদিন আমেরিকার একটি বিমান রাশিয়ার আকাশের দিকে যাওয়ার চেষ্টা করলে একটি রাশিয়ান এসইউ-২৭ যুদ্ধ বিমান মার্কিন বিমানটিকে পাল্টা ধাওয়া করে। যা নিয়েও ব্যাপক উত্তেজনা তৈরি হয়।

সূত্র: সিজিটিএন।

রাশিয়ান ভ্যাকসিন পরীক্ষায় নিজেকে বেছে নিলেন দুর্তেতে

ফিলিপিন্সের প্রেসিডেন্ট রদ্রিগো দুর্তেতে রাশিয়ান করেনাভাইরাস বিরোধী ভ্যাকসিনে প্রসংশা করেছেন। নিজ দেশে করোনাবিরোধী ভ্যাকসিনের পরীক্ষা ক্ষেত্রে সবার আগে প্রেসিডেন্ট দুর্তেতে নিজে নিতে চান বলে জানিয়েছেন।

মঙ্গলবার এ খবর জানিয়েছে রাশিয়ান সংবাদ মাধ্যম স্পুটনিক।

সোমবার দুর্তেতে বলেন, আমি (রাশিয়ার) প্রেসিডেন্ট পুতিনকে বলব, আপনার করোনার বিরুদ্ধে গবেষণায় আমার প্রচুর বিশ্বাস রয়েছে এবং আমি বিশ্বাস করি আপনি যে ভ্যাকসিন তৈরি করেছেন তা মানবতার জন্য প্রকৃতপক্ষেই ভালো।

ফিলিপিন্সের প্রেসিডেন্ট দুর্তেতে প্রথমে এর পরীক্ষায় অংশ নিতে চান বলে যোগ করেন।

মঙ্গলবার দুর্তের অফিস আরও জানিয়েছে, ফিলিপিন্স রাশিয়ার সঙ্গে ভ্যাকসিন পরীক্ষা, সরবরাহ ও উৎপাদন নিয়ে কাজ করতে প্রস্তুত রয়েছে।

প্রসঙ্গত, বিশ্বের প্রথম করোনাভাইরাসে বিরোধী ভ্যাকসিন উদ্ভাবনের ঘোষণা দিয়েছে রাশিয়া। দেশটির সরকার এই ভ্যাকসিনের অনুমোদন দিয়েছে। রুশ প্রেসিডেন্ট জানিয়েছেন, উদ্ভাবিত

ভ্যাকসিনটি তার মেয়ের শরীরেও পুশ করা হয়েছে।

পুতিন জানিয়েছেন, ভ্যাকসিনটি মানবদেহের জন্য কতটুকু নিরাপদ সেটি নিশ্চিত না হওয়া পর্যন্ত মাঠপর্যায়ে ছড়িয়ে না দিতে গবেষক ও স্বাস্থ্যকর্মীদের নির্দেশনা দেয়া হয়েছে।

প্রেসিডেন্ট পুতিন বলেন, তার দেশের স্বাস্থ্য মন্ত্রণালয় বিশ্বের প্রথম করোনাভাইরাসের টিকার অনুমোদন দিয়েছে। যেটি তার মেয়ের শরীরেও দেয়া হয়েছে। সে ভালো বোধ করছে। সূত্র-যুগান্তর

লেবাননের বৈরুতে ভয়াবহ বিস্ফোরণে নিহত বেড়ে ২২০

মৃতের সংখ্যা আরও অনেক বাড়তে পারে বলে জানিয়েছে দেশটির কর্তৃপক্ষ। বিস্ফোরণের ঘটনায় আরও ১১০ জন নিখোঁজ রয়েছেন। খবর আলজাজিরা ও ফক্স নিউজের।

এদিকে বৈরুতে চলমান সরকারবিরোধী তীব্র বিক্ষোভের মুখে পদত্যাগের ঘোষণা দিয়েছেন লেবানিজ প্রধানমন্ত্রী হাসান দিয়াব। দেশটির বেশ কয়েকজন মন্ত্রীর পদত্যাগের পর আনুষ্ঠানিকভাবে তার এ ঘোষণা এলো।

এর আগে সোমবার মন্ত্রিপরিষদের অধিবেশন শেষে স্বাস্থ্যমন্ত্রী হামাদ হাসান সাংবাদিকদের জানিয়েছেন, ইতিমধ্যে দেশটির সরকার পদত্যাগ করেছে।

রাজধানী বৈরুতে গত মঙ্গলবারের বিস্ফোরণের পর শনিবার থেকে দেশটির সাধারণ জনতা বিক্ষোভ প্রদর্শন করতে রাস্তায় নেমে আসেন। দেশটিতে চলমান বিক্ষোভের মুখে এর আগে তথ্যমন্ত্রী, পরিবেশমন্ত্রীসহ কয়েকজন মন্ত্রী ও সংসদ সদস্য পদত্যাগ করেছেন।

বৈরুতে বিস্ফোরণের ঘটনায় ২২০ জনের বেশি মানুষ নিহত হয়েছেন। আর এতে আহত হয়েছেন অনন্ত ৬ হাজারের বেশি মানুষ।

বৈরুত বিস্ফোরণের পর হাজার হাজার ক্ষুব্ধ মানুষ শনিবার রাস্তায় নেমে আসেন। তারা রাজনৈতিক ব্যবস্থা পরিবর্তনের দাবি জানান। বিক্ষোভকারীদের দাবি সরকারের পদত্যাগ। এ লক্ষ্যে তারা চারটি মন্ত্রণালয় এবং ব্যাংক অ্যাসোসিয়েশনের অফিসেও ঢুকে পড়েন।

সূত্র-যুগান্তর

চুরি হওয়া মানিব্যাগ ১৪ বছর পর ফেরত!

১৪ বছর আগে ট্রেন থেকে চুরি হয়ে যাওয়া মানিব্যাগ অবশেষে ফেরত পেয়েছেন ভারতীয় এক নাগরিক।

জানা গেছে, ২০০৬ সালে ট্রেনে ভ্রমণের সময় ভারতের ব্যস্ত নগরী মুম্বাই শহর থেকে হেমন্ত পাডালকার নামের এক ব্যক্তির মানিব্যাগ চুরি হয়ে যায়।

সম্প্রতি পুলিশ ওই ব্যক্তিকে জানায়, তার মানিব্যাগটি খুঁজে পাওয়া গেছে।

পুলিশের বরাতে সংবাদ সংস্থা এএনআই জানিয়েছে, ২০০৬ সালে লোকাল ট্রেনে ভ্রমণের সময় মানিব্যাগ হারিয়ে ফেলেন ওই ব্যক্তি। পরে মানিব্যাগটি খুঁজে পাওয়া যায়। কিন্তু অভিযোগকারীর সন্ধান না পাওয়ায় তাকে সেটা দেয়া সম্ভব হয়নি। এখন তার অবস্থান জানতে পেরে মানিব্যাগটি তার কাছে হস্তান্তর করা হয়েছে।

ভাসি রেলওয়ে পুলিশ স্টেশন কর্মকর্তা বিষ্ণু বলেন, মানিব্যাগ হারানোর পর হেমন্ত পাডালকার থানায় অভিযোগ করেছিলেন। ওই সময়ই মানিব্যাগসহ অভিযুক্তকে আটক করা হয়। কিন্তু অভিযোগকারী ব্যক্তিকে তার ঠিকানায় খুঁজে না পাওয়ায় মানিব্যাগটি দেয়া সম্ভব হয়নি। কিন্তু সম্প্রতি তাকে খুঁজে পাওয়ায় সেটি ফেরত দেয়া হয়েছে।

সূত্র-যুগান্তর

১৫০ বারের বেশি মিথ্যা, প্রশ্নবানে সংবাদ সম্মেলন ছাড়লেন ট্রাম্প

সংবাদ সম্মেলনে আবারও মিথ্যা বলেছেন মার্কিন প্রেসিডেন্ট। এ সময় সংবাদকর্মীদের প্রশ্নের তোড়ে সংবাদ সম্মেলন ছেড়ে চলে যান ক্ষুব্ধ প্রেসিডেন্ট। শনিবার নিউজার্সিতে নিজস্ব বেডমিনিস্টারে গলফ ক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে এ ঘটনা ঘটে।

সংবাদ সম্মেলনে ডোনাল্ড ট্রাম্প দাবি করেন, ভেটেরানস চয়েস প্রোগ্রাম তিনি পাস করেছিলেন। আদতে সাবেক সেনা কর্মকর্তাদের চিকিৎসা সহায়তা–সংক্রান্ত এই বিলটি সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা পাস করেছিলেন। কিন্তু ট্রাম্প অবলীলায় এই বিল পাসের কৃতিত্ব নিজের বলে দাবি করেন। সিএনএনের খবরে বলা হয়েছে, এই একই মিথ্যা দেড়শ’ বারের বেশি ট্রাম্প বলেছেন। বিষয়টি এক সাংবাদিক ধরিয়ে দিলে ট্রাম্প আর কালক্ষেপণ না করে দ্রুত সংবাদ সম্মেলন ছেড়ে চলে যান।

এর আগে সাংবাদিকদের সামনে ট্রাম্প জোর গলায় দাবি করেন, দশকের পর দশ চেষ্টা করেও যুক্তরাষ্ট্রের কোনো প্রেসিডেন্ট ভেটেরানস চয়েজ প্রোগ্রাম পাস করতে পারেননি। কিন্তু আমরা করেছি।

বস্তুত, ২০১৪ সালে সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা প্রবীণদের সেনা কর্মকর্তাদের চিকিৎসা সহায়তার বিলে সই করে একে আইনে রূপান্তর করেন। এই আইনের কারণে সাবেক সেনা সদস্যরা ভেটেরান হেলথ অ্যাডমিনিস্ট্রেশনের (ভিএ) বাইরেও সরকারি স্বাস্থ্যসেবার আওতায় আসার সুযোগ পান। আইনটি প্রণয়নে ডেমোক্রেট রিপাবলিকান দুই দলই উদ্যোগই নিয়েছিল। এতে মুখ্য ভূমিকা রেখেছিলেন ভারমন্টের সিনেটর বার্নি স্যান্ডার্স ও অ্যারিজোনার প্রয়াত সিনেটর জন ম্যাককেইন। এই বিলের পক্ষ নেয়ার দুজনকেই শুরু থেকেই নানা ধরনের সমালোচনা শুনতে হয়েছিল। পরে ওবামা বিলটি পাস করান।

এই বিলে ট্রাম্পের অবদান যে একেবারেই নেই তা কিন্তু নয়।

পরবর্তীতে ডোনাল্ড ট্রাম্প ভেটেরান–সম্পর্কিত এই আইনে সই করেন ২০১৮ সালে। সেই আইনটি হচ্ছে ভিএ মিশন অ্যাক্ট, যেখানে এই চয়েস প্রোগ্রামের আওতা বাড়ানো হয়েছে। কিন্তু তিনি বরাবরই ভেটেরানস চয়েস প্রোগ্রাম চালুর কৃতিত্ব দাবি করে আসছেন। সঙ্গে এও বলছেন যে এই আইনটি পাসে তার আগে গত ৫০ বছরে আসা সব মার্কিন প্রেসিডেন্ট ব্যর্থ হয়েছেন।

গতকাল শনিবার এই একই মিথ্যা তিনি আবার বললে সিবিএস নিউজের হোয়েইট হাউস প্রতিনিধি পলা রেইড প্রশ্ন করেন, ভেটেরানস চয়েস প্রোগ্রাম পাস করেছেন বলে আপনি বারবার দাবি করছেন কেন? এ সময় ট্রাম্প অন্য এক সাংবাদিকের কাছ থেকে প্রশ্ন নেয়ার চেষ্টা করেন। তিনি করোনাভাইরাস প্রসঙ্গ উঠান। উদ্দেশ্য ছিল, আলোচনার মোড় ঘুরিয়ে দেয়া। কিন্তু রেইড বলতে থাকেন, ‘আপনি বলছেন যে ভেটেরানস চয়েস পাস করেছেন আপনি। কিন্তু এটি ২০১৪ সালে পাস হয়েছিল। আপনার এই বিবৃতি তো মিথ্যা।’

পলা রেইডের এই বক্তব্যের পর ডোনাল্ড ট্রাম্প থমকে যান। কিছুক্ষণ চুপ করে থেকে বলেন, ‘ঠিক আছে। সবাইকে ধন্যবাদ।’ এই বলে সংবাদ সম্মেলন ইতি টানেন প্রেসিডেন্ট। তিনি বেডমিনিস্টারে গলফ ক্লাব থেকে সোজা বেরিয়ে যান।

সূত্র- যুগান্তর

করোনায় মৃত্যুর মিছিল ৭ লাখ ৩৩ হাজার ছাড়িয়ে

কোভিড-১৯ মহামারীতে বিপর্যস্ত বিশ্ব। কিছুতেই মুক্তি মিলছে না। রোজ হাজার হাজার মানুষ মৃত্যুর মিছিলে যোগ হচ্ছেন। এরই মধ্যে লাশের সারি ৭ লাখ ৩৩ হাজার ছাড়িয়ে গেছে। ওয়ার্ল্ডওমিটারস এ তথ্য জানিয়েছে।

বিশ্বব্যাপী করোনায় আক্রান্ত ও মৃত্যুর পরিসংখ্যান রাখা আন্তর্জাতিক এই ওয়েবসাইটের দেয়া তথ্যানুযায়ী, বিশ্বে সোমবার

দুপুর ১২টা পর্যন্ত করোনা আক্রান্ত শনাক্ত হয়েছেন দুই কোটি ২৫ হাজার ২৪৫ জন। আক্রান্তদের মধ্যে সুস্থ হয়ে উঠেছেন এক কোটি ২৮ লাখ ৯৯ হাজার ৮০১ জন। মৃত্যু হয়েছে ৭ লাখ ৩৩ হাজার ৯৯৭ জনের। আক্রান্তদের মধ্যে চিকিৎসাধীন ৬৩ লাখ ৯১ হাজার ৪৪৭ জন।

আক্রান্ত ও মৃত্যুতে শীর্ষস্থানীয় দেশগুলোর মধ্যে রয়েছে-যুক্তরাষ্ট্র, ব্রাজিল, ভারত ও রাশিয়া।

ওয়ার্ল্ডওমিটারসের পরিসংখ্যান অনুযায়ী, যুক্তরাষ্ট্রে এখন পর্যন্ত মারা গেছেন এক লাখ ৬৫ হাজার ৬১৭ জন।

সংক্রমণ ও মৃত্যুতে দ্বিতীয় অবস্থানে রয়েছে ব্রাজিল। দেশটিতে করোনায় আক্রান্তের সংখ্যা ৩০ লাখ ৩৫ হাজার ৫৮২। এর মধ্যে মারা গেছেন এক লাখ এক হাজার ১৩৬ জন।

আক্রান্তে তৃতীয় অবস্থানে থাকা ভারতে এখন পর্যন্ত আক্রান্তের সংখ্যা ২২ লাখ ১৪ হাজার ১৩৭। এর মধ্যে মারা গেছেন ৪৪ হাজার ৪৬৬ জন। তবে ইতিমধ্যে সুস্থ হয়ে উঠেছেন ১৫ লাখ ৩৪ হাজার ২৭৮ জন।

রাশিয়ায় এখন পর্যন্ত করোনায় আক্রান্তের সংখ্যা ৮ লাখ ৮৭ হাজার
৫৩৬। এর মধ্যে মারা গেছেন ১৪ হাজার ৯৩১ জন। তবে আক্রান্তদের অধিকাংশই এরই মধ্যে সুস্থ হয়ে উঠেছেন। দেশটিতে এখন পর্যন্ত সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৬ লাখ ৯৩ হাজার ৪২২ জন।

বাংলাদেশে করোনাভাইরাসে তিন হাজার ৩৯৯ জনের মৃত্যু হয়েছে। শনাক্ত হয়েছেন দুই লাখ ৫৭ হাজার ৬০০ জন।

গত বছরের ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহান শহরে প্রথম করোনার উপস্থিতি ধরা পড়ে। এখন পর্যন্ত ২১৩ দেশ ও অঞ্চলে ছড়িয়ে পড়েছে এই ভাইরাস। এই ভাইরাসকে বৈশ্বিক মহামারী ঘোষণা করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা।

সূত্র- যুগান্তর

সড়ক দুর্ঘটনায় আহত ক্রিকেটার নাঈমের মৃত্যু

টানা ১২ দিন বাঁচার জন্য লড়াই করে অবশেষে না ফেরার দেশে চলে গেলেন ক্রিকেটার এমদাদ হোসেন নাঈম। কেরানীগঞ্জের বাসায় চিকিৎসাধীন অব্স্থায় শনিবার রাতে মারা যান তিনি। মোটরসাইকেল দুর্ঘটনায় মাথায় গুরুতর আঘাত পেয়েছিলেন ২৫ বছর বয়সী এই অলরাউন্ডার।

কেরানীগঞ্জ মডেল থাকার ভারপ্রাপ্ত কমকর্তা (ওসি) কাজী মাইনুল ইসলাম বিষয়টি নিশ্চত করে বলেন, ‘গত ২৬ জুলাই রোহিতপুর এলাকায় মোটরসাইকেল দুর্ঘটনায় মাথায় আঘাত পান নাঈম। সেখান থেকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা দিয়ে বাসায় পাঠানো হয় তাকে। বাসায় চিকিৎসাধীন থাকা অবস্থায়ই শনিবার রাতে তিনি মারা যান।’

নাঈমের বাবা মো. রব মিয়া জানান, মাথায় আঘাত পাওয়ার কারণে তার ছেলের মৃত্যু হয়েছে। শনিবার রাত ১০টায় তার নিজ এলাকায় ধর্মশুর পারিবারিক কবরস্থানে দাফন সম্পন্ন করা হয়।
ঢাকার ক্লাব ক্রিকেটে মোটামুটি পরিচিত মুখ ছিলেন নাঈম। তিনি ঢাকা ওয়ান্ডারার্স ক্লাবে অলরাউন্ডার হিসেবে খেলতেন।

সূত্র- বিডি প্রতিদিন